

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৩৯৬

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯৩. সালাতের মধ্যে যে কাজ করণীয়

بَابُ الْعَمَلِ فِي الصَّلَاةِ

আরবী

أَخْبَرَنَا أَبُو عَاصِمٍ هُوَ النَّبِيلُ عَنْ ابْنِ عَجَلَانَ عَنْ الْمُقْبِرِيِّ عَنْ عَمْرِو بْنِ سُلَيْمٍ عَنْ أَبِي قَتَادَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ يُصَلِّي وَقَدْ حَمَلَ عَلَى عُنُقِهِ أَوْ عَاتِقِهِ أُمَامَةَ بِنْتَ زَيْنَبَ فَإِذَا رَكَعَ وَضَعَهَا وَإِذَا قَامَ حَمَلَهَا

বাংলা

১৩৯৬. আবী কাতাদাহ রাযিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বের হয়ে সালাত আদায় করলেন, অথচ তাঁর ঘাড়ে অথবা, কাঁধে উমামাহ বিনতে যায়নাব (যায়নাবের শিশু সন্তান) কে বহন করছিলেন। আর যখন তিনি রুকু' করলেন, তাকে নামিয়ে রাখলেন। আবার যখন তিনি দাঁড়ালেন, তখন তাকে (কাঁধে বা ঘাড়ে) উঠিয়ে নিলেন।[1]

ফুটনোট

[1] তাহক্কীক: এর সনদ হাসান। তবে হাদীসটি বুখারী-মুসলিমে বর্ণিত।

তাখরীজ: বুখারী ৫১৬; মুসলিম ৫৪৩। আমরা এর পূর্ণ তাখলীজ ও টীকা দিয়েছি সহীহ ইবনু হিব্বান ১১০৯, ১১১০, ২৩৩৯ ও মুসনাদুল হুমাইদী নং ৪২৬ এ। পরবর্তী টীকাটিও দেখুন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু কাতাদাহ আল-আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81679>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন